

১৩/৮/২০০২

SEP. 05 2002

তারিখ
পৃষ্ঠা ৩ কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয় খোলা আবার অনির্দিষ্টকাল পেছানো হলো

‘পরিস্থিতি অনুকূল নয়’ অজুহাত তুলে জরুরি সিন্ডিকেট সভায় সিদ্ধান্ত

গণজ্ঞ প্রতিবেদক : আগামী ১২ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার কথা থাকলেও শেষ মুহূর্তে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত বাতিল করেছে। গত রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের এক জরুরি সভায় বিশ্ববিদ্যালয়ের ক্রাস ও হল খোলার তারিখ অনির্দিষ্টকাল পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় খোলার জন্য পরিবেশ এখনো অনুকূল নয় মর্মে অজুহাত তুলে সিন্ডিকেটের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ইউসুফ ময়দার সভায় সভাপতিত্ব করেন। রাত সাড়ে ১০টায় এ সভা

শেষ হয়।

গত ২৯ আগস্ট সিন্ডিকেটের সভায় বন্ধ হয়ে যাওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের সবগুলো হল আগামী ৮ সেপ্টেম্বর এবং বিশ্ববিদ্যালয়ের ক্রাস ১২ সেপ্টেম্বর খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। সংশ্লিষ্ট সূত্রগুলোর ধারণা বুয়েটে ছাত্রছাত্রীদের বিক্ষোভ পরিস্থিতির কথা বিবেচনায় এনে এই মুহূর্তে ঢাকা বিশ্ববিদ্যালয় না খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল বুয়েটে সহস্রাধিক ছাত্রছাত্রীর এক বিশাল বিক্ষোভ মিছিল বের হয়। তাহাজ্জা গতকালই ঢাকা বিশ্ববিদ্যালয়

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৮

ঢাকা বিশ্ববিদ্যালয় খোলা

● প্রথম পাতার পর

ক্যাম্পাসে নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীদের এক ব্যানারে শিক্ষার্থীরা তাদের ৭ দফা দাবি তুলে ধরে বিক্ষোভ মিছিল বের করে। এর আগের দিন শামসুন্নাহার হলের ঘটনা তদন্তে গঠিত কমিটি তাদের ছুড়ান্ত রিপোর্ট সরকারের কাছে জমা দেয়। ধারণা করা হচ্ছে, এ রিপোর্টে ঐ ঘটনায় পুলিশ ও বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের ভূমিকার কথা উল্লেখ থাকায় ছাত্রছাত্রীদের মধ্যে নতুন করে বিক্ষোভ সৃষ্টির আশঙ্কা করছে কর্তৃপক্ষ।

গত ২৩ জুলাই রাতে শামসুন্নাহার হলে নিরীহ ছাত্রীদের ওপর পুলিশের হামলার পর বিশ্ববিদ্যালয়ে তুমুল ছাত্র-শিক্ষক আন্দোলনের মুখে ২৭ জুলাই বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকাল বন্ধ ঘোষণা করা হয়। এতে আন্দোলন আরো তীব্র রূপ ধারণ করলে গত ৩১ জুলাই উপাচার্য আনোয়ারুল্লাহ চৌধুরী পদত্যাগ করেন।